



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং ০৬(১০১) জাতীঃবিঃ/রেজিঃ/একাঃ/ভর্তিঃ/২০১৬-২০১৭(অংশ-২)/২১৭৫

তারিখঃ ০৪/০৩/২০১৯

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড
ইস্যু সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীতে দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ৩০শে সেপ্টেম্বর ২০১৮ তারিখের পরে ২০১৬-২০১৭ অথবা ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক পর্যায়ে ভর্তি বাতিল করেছে কিন্তু অদ্যাবধি ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণীর রেজিস্ট্রেশন কার্ড পায়নি, এ সকল শিক্ষার্থীর শিক্ষা জীবন রক্ষার্থে মানবিক বিবেচনায় তাদের পূর্বের ভর্তি বাতিলপূর্বক ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা জরিমানা প্রদান সাপেক্ষে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যুর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উল্লিখিত সিদ্ধান্ত শেষবারের মত শুধুমাত্র যে সকল শিক্ষার্থী ০৩ মার্চ ২০১৯ তারিখ পর্যন্ত দিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল এ লিখিত আবেদন করেছে তাদের জন্য প্রযোজ্য হবে।

এ ধরনের শিক্ষার্থীদের উল্লিখিত জরিমানার অর্থ ০৫/০৩/২০১৯ তারিখ থেকে ১০/০৩/২০১৯ তারিখের মধ্যে <http://202.51.179.36/PMS/Student/Admission Cancel.aspx> লিংক থেকে পে-স্লিপ সংগ্রহ করে যে কোন সোনালী ব্যাংক শাখায় “সোনালী সেবার” মাধ্যমে জমা দেয়ার জন্য বলা হলো। নির্ধারিত সময়ের মধ্যে জরিমানার অর্থ প্রদান করা না হলে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) শ্রেণীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।

এ আদেশ ভবিষ্যতের নজির হিসেবে দেখানো যাবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে


স্বাঃ
ডিন
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং ০৬(১০১) জাতীঃবিঃ/রেজিঃ/একাঃ/ভর্তিঃ/২০১৬-২০১৭(অংশ-২)/

তারিখঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ২। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৬। সহকারী সিস্টেম এনালিস্ট, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো)।
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৮। অফিস কপি।


(মোঃ কামরুল ইসলাম)
উপ-রেজিস্ট্রার
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়